

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫৩৬

২৩/ মানত ও কসম (اکتاب النذور والأيمان عن رسول الله الله الله على)

পরিচ্ছেদঃ কসম ভাঙ্গার পূর্বেই কাফ্ফারা প্রদান

باب مَا جَاءَ فِي الْكَفَّارَةِ قَبْلَ الْحِنْثِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، عَنْ مَالِكِ بْنِ أَنَسٍ، عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " مَنْ حَلَفَ عَلَى يَمِينٍ فَرَأَى غَيْرَهَا خَيْرًا مِنْهَا فَلْيُكَفِّرْ عَنْ يُمِينِهِ وَلْيَقْعَلْ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ أُمِّ سَلَمَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ عَنْ يَمِينِهِ وَلْيَقْعَلْ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ أُمِّ سَلَمَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ حَديثُ حَديثُ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ أَنَّ الْكَفَّارَةَ قَبْلَ الْحِنْثِ تُجْزِئُ وَهُوَ قَوْلُ مَالِكِ بْنِ أَنَسٍ وَالشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ لاَ يُكَفِّرُ إِلاَّ بَعْدَ الْحِنْثِ . قَالَ سُفْيَانُ التَّوْرِيُّ إِنْ كَفَّرَ بَعْدَ الْحِنْثِ . قَالَ سُفْيَانُ التَّوْرِيُّ إِنْ كَفَّرَ بَعْدَ الْحِنْثِ . قَالَ سُفْيَانُ التَقْرِيِّ إِنْ كَفَّرَ بَعْدَ الْحِنْثِ أَحْبُ إِلَى قَإِنْ كَفَّرَ قَبْلَ الْحِنْثِ أَجْزَأَهُ .

বাংলা

১৫৩৬। কুতায়বা (রহঃ) ... আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত। তিনি বলেন, কোন বিষয়ে কসম করার পর অন্য বিষয় যদি তা থেকে ভাল দেখে তবে সে তার কসমের কাফফারা দিয়ে দিবে এবং ঐ কাজটি করবে। সহীহ, ইরওয়া ২০৮৪, রাওযুন নাযীর ১০২৯, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৫৩০ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে উন্মু সালামা রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। অধিকাংশ সাহাবী অপরাপর আলিম এতদনুসারে আমল করেছেন যে, কসম ভাঙ্গার পূর্বে কাফফারা দেওয়া যায়। এ হল ইমাম মালিক, শাফিঈ, আহমাদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত। কতক আলিম বলেন, কসম ভাঙ্গার পর ছাড়া কাফফারা প্রদান করা যাবে না। সুফইয়ান ছাওরী (রহঃ) বলেন, কসম ভাঙ্গার পর কাফফারা প্রদান আমার নিকট অধিকতর পছন্দনীয়। তবে এর পূর্বেও যদি কাফফারা দিয়ে দেয় তবে তা তার জন্য যথেষ্ট বলে বিবেচ্য হবে।

English



Narrated Abu Hurairah:

That the Prophet (ﷺ) said: "Whoever takes an oath, and then he sees that something else is better than it, then he should make atonement for his oath and then do it."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন